# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

## হাদিস নাম্বারঃ ৯৬৯

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১৮. দ্বিতীয় অনুচ্ছেদ - সালাতের পর যিকর-আযকার

### আরবী

وَعَنْ عُقْبَةَ بْنِ عَامِرٍ قَالَ: أَمَرَنِي رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَنْ أَقْرَأَ بِالْمُعَوِّذَاتِ فِي دُبُرِ كُلِّ صَلَاةٍ. رَوَاهُ احْمَدُ وَأَبُو دَاوُدَ وَالنَّسَائِيُّ وَالْبَيْهَقِيُّ فِي الدَّعَوَاتِ الْكَبِيرِ

### বাংলা

৯৬৯-[১১] ’উক্ববাহ্ ইবনু ’আমির (রাঃ)থেকে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাকে প্রতি সালাতের শেষে ’’কুল আ’ঊযু বিরাব্বিন্ না-স’’ ও ’’কুল আ’ঊযু বিরাব্বিল ফালাক্ব’’ পাঠ করার নির্দেশ দিয়েছেন’’। (আহমাদ, আবূ দাঊদ, নাসায়ী, বায়হাক্বী- দা’ওয়াতুল কাবীর)[1]

### ফুটনোট

[1] সহীহ : আবূ দাঊদ ১৫২৩।

### ব্যাখ্যা

ব্যাখ্যা: (الْمُعَوِّذَاتِ) দ্বারা সেই সমস্ত আয়াত উদ্দেশ্য যা শব্দগত বা অর্থগত দিক থেকে আশ্রয় প্রার্থনাকে শামিল করে। ফলে সূরাহ্ ইখলাস এবং সূরাহ্ কাফিরূন এই মু‘আব্বিযাতের অন্তর্ভুক্ত। কেননা এতে আশ্রয় প্রার্থনার অর্থ বিদ্যমান। এও বলা হয়ে থাকে যে, (الْمُعَوِّذَاتِ) বলতে শুধু সেই শব্দ উদ্দেশ্য যে শব্দ দ্বারা আশ্রয় প্রার্থনা করা হয়।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=55528

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন